দৈনিক খবর



তারিখ ... 12 MAY 1989 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# উত্তরাঞ্চলের স্কুল ও মাদ্রাসা বন্ধ রাখার সিদ্ধান্ত

দেশের উত্তরাঞ্চলের বর্তমান প্রচণ্ড খরা এবং দুঃসহ গরমের প্রেক্ষিতে বিদ্যালয়গামী ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যের নিরাপত্তা বিধানের লক্ষ্যে সরকার ঐ অঞ্চলের সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসাসমূহ প্রয়োজনে সাময়িকভাবে বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রাখার ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রাখার ক্ষেত্রে বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা উপজেলা শিক্ষা অফিসারের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং উপজেলা পরিষদকে অবহিত করবেন। বেসরকারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## উত্তরাঞ্চলের স্কুল

প্রথম পৃষ্ঠার পর

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং জেলা শিক্ষা অফিসারকে অবহিত রাখবেন। সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান, স্থানীয় জেলা শিক্ষা অফিসারের সাথে পরামর্শক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং জেলা প্রশাসক ও আঞ্চলিক উপ-পরিচালককে অবহিত রাখবেন এবং ইবতেদায়ী ও দাখিল পর্যায় পর্যন্ত মাদ্রাসার শ্রেণীসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদ্রাসার পরিচালনা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং জেলা শিক্ষা অফিসারকে অবহিতরাখবেন।

কোন অবস্থাতেই প্রয়োজনের অতিরিক্ত সময় কোন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা যাবে না এবং সম্ভব হলে পরবর্তী পর্যায়ে অনুমোদিত বাৎসরিক মোট ছুটির সাথে সাথে উক্ত ছুটি সমন্বয় করতে হবে। খবর তথ্যবিবরণীর।